



নব্য জেএমবি সংশ্লিষ্টতার সন্দেহে শিশুকে হেফাজতে নিল সিটিটিসি



ছবি: সংগৃহীত

নিষিদ্ধ সংগঠন নব্য জেএমবির সঙ্গে সংশ্লিষ্টতার অভিযোগে এক শিশুকে হেফাজতে নিয়েছে কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম ইউনিট (সিটিটিসি)। সিটিটিসি জানায়, গোপন তথ্যের ভিত্তিতে বৃহস্পতিবার দুপুরে হবিগঞ্জ সদর থানার একটি এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। প্রাথমিক অনুসন্ধানে জানা গেছে, শেরে বাংলা নগর থানায় দায়ের করা সন্ত্রাসবিরোধী একটি মামলার কয়েকজন আসামির সঙ্গে তার যোগাযোগ ছিল। তদন্ত সংশ্লিষ্টরা জানান, ওই শিশু অনলাইনে উগ্রবাদী কর্মকাণ্ডে সক্রিয় ছিল। বিভিন্ন প্ল্যাটফর্মে চরমপন্থী মতাদর্শের পক্ষে প্রচারণা চালানো, সদস্য সংগ্রহের চেষ্টা এবং ঝুঁকিপূর্ণ তথ্য আদান-প্রদানের অভিযোগ পাওয়া গেছে। আইন অনুযায়ী পরবর্তী ব্যবস্থা নিতে তাকে আদালতে পাঠানো হয়েছে বলে জানিয়েছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

LENS ASIA